# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

ছত্রিশতম বর্ষ (প্রথম সংখ্যা), ফেব্রুয়ারি, ২০২৫




**Ramakrishna Mission Vidyamandira**
**Alumni Association**
**P.O.: Belur Math, Howrah, West Bengal-711202**

# সম্পাদকীয়

বিদ্যামন্দিরের মূল ক্যাম্পাসের পাশাপাশি রিষড়াতে আর একটি নতুন ক্যাম্পাস চালু হয়েছে বছর দুয়েক আগে। এটি বোস হাউস ক্যাম্পাস নামেই অধিক পরিচিত। প্রাক্তনীবার্তাতে এ খবর আগে দেওয়া হয়েছে। এ ব্যাপারে আপনারা অনেকে অবগত আছেন। তবে অধিকাংশই ওয়াকিবহাল নন। গত বছর প্রাক্তনী সংসদ প্রথমবার চালু করেছে স্বামী প্রভানন্দ স্মারক বক্তৃতা, যার সূচনা এই বোস হাউসেই। সংসদ-সম্পাদকের রিপোর্টে এ ব্যাপারে বিস্তারিতভাবে জানতে পারবেন। এটি নিয়ে মোট চারটি স্মারক বক্তৃতার আয়োজন করেছে প্রাক্তনী সংসদ।

২০২৪-এ সংসদের নতুন কর্মসমিতি গঠিত হল বিগত বার্ষিক সাধারণ সভায়। পুরোনো সদস্যদের সঙ্গে কয়েকজন নতুন সদস্য এতে অন্তর্ভুক্ত হয়েছেন। সদস্যদের পরামর্শ মেনেই এই কার্যনির্বাহী সমিতি তার ধারাবাহিকতা বজায় রেখে চলেছে। কাজকর্মের ব্যাপারে সকলের ইতিবাচক চিন্তাভাবনা সংসদকে আরও এগিয়ে নিয়ে যাবে বলে আশা রাখি।

**—সুশান্ত দে, প্রধান সম্পাদক**

## প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমণ্ডলী

আহ্বায়ক ও প্রধান সম্পাদক : সুশান্ত দে

সদস্যবৃন্দ : স্বামী মহাপ্রজ্ঞানন্দ (অধ্যক্ষ), বিশ্বনাথ দাস, নিত্যনিরঞ্জন কুণ্ডু, তপন কুমার ঘোষ, গৌতম মুখোপাধ্যায়, অভিজিৎ মাইতি, শুভেন্দু মজুমদার (কর্মসচিব)।

পৃষ্ঠা বিন্যাস ও অলঙ্করণ: প্রাক্তনীবার্তা উপসমিতির সদস্যবৃন্দ।

নিয়মিতভাবে প্রাক্তনী সংসদ ও বিদ্যামন্দিরের বিভিন্ন কার্যাবলী সম্পর্কে জানতে সংসদের ফেসবুক পেজ ফলো করুন— **Link: https://www.facebook.com/VidyamandiraAlumni**

**Email: alumnividyamandira@gmail.com**

**Website: www.alumnividyamandira.in**



# Executive Committee of Ramakrishna Mission Vidyamandira Alumni Association for the term 2024-27

| Sl. No. | Name | Year of Study | Post in Executive Committee | Occupation |
|---|---|---|---|---|
| 1. | Swami Shukdevananda | | Patron | Monk |
| 2. | Swami Mahaprajnananda | | Patron | Monk |
| 3. | Br. Tattwachaitanya | | Patron | Monk |
| 4. | Sri Biswanath Das | 1959-1961 | Patron | Retired |
| 5. | Shri Nityaniranjan Kundu | 1959-1961 | Patron | Retired |
| 6. | Shri Asish Ray | 1955-1957 | Patron | Retired |
| 7. | Shri Pratap Kumar Das | 1968-1971 | Patron | Retired |
| 8. | Shri Tapan Kumar Ghosh | 1969-1973 | President | Retired |
| 9. | Shri Manoj Kumar Bhattacharyya | 1979-1982 | Vice-President | Lawyer |
| 10. | Shri Kalyan Bandyopadhyay | 1967-1970 | Vice- President | Retired |
| 11. | Shri Shuvendu Kumar Majumder | 1990-1992 | Secretary | Service |
| 12. | Shri Anup Kumar Das | 1982-1985 | Joint-Secretary | Retired |
| 13. | Shri Suvojit Dutta | 1992-1997 | Joint-Secretary | Service |
| 14. | Shri Prabir Bandyopadhyay | 1986-1989 | Treasurer | Service |
| 15. | Shri Susanta Dey | 1984-1987 | Member | Service |

| | | | | |
|---|---|---|---|---|
| 16. | Shri Gautam Mukhopadhyay | 1994-1997 | Member | Service |
| 17. | Shri Avijit Maity | 2002-2005 | Member | Service |
| 18. | Shri Tarun Kanti Pal | 1971-1974 | Member | Retired |
| 19. | Shri Debasis Ghosh | 1984-1986 | Member | Service |
| 20. | Shri Tarapada Ghorui | 1973-1976 | Member | Retired |
| 21. | Shri Dibyendu Mondal | 2010-2015 | Member | Service |
| 22. | Shri Uttam Kumar Ghorai | 2001-2006 | Member | Service |
| 23. | Swami Mahavidyananda | 2002-2005 | Permanent Invitee | Monk |
| 24. | Swami Shanteshananda | 2002-2005 | Permanent Invitee | Monk |
| 25. | Shri Ashis Kumar Ghosh | 1976-1979 | Permanent Invitee | Retired |
| 26. | Shri Asis Kumar Sinha | 1981-1984 | Permanent Invitee | Retired |



নবগঠিত কার্যনির্বাহী সমিতির প্রথম সভা

**Members of different Sub-Committees of the Association:**

1. FINANCE Sub-committee:
   a) Shri Prabir Bandyopadhyay (1986-89) (Convenor)
   b) Shri Manoj Kumar Bhattacharya (1979-82)
   c) Shri Anup Kumar Das (1982-85)
   d) Shri Suvojit Dutta (1992-97)
   e) Shri Gautam Mukhopadhyay (1994-97)
   f) Shri Avijit Maity (2002-05)

2. PRAKTANIVARTA Sub-committee:
   a) Shri Susanta Dey (1984-87) (Convenor)
   b) Swami Mahaprajnananda, Principal, RKMV
   c) Shri Biswanath Das (1959-61)
   d) Shri Nityaniranjan Kundu (1959-61)
   e) Shri Gautam Mukhopadhyay (1994-97)
   f) Shri Avijit Maity (2002-2005)

3. HEALTH CARE PROJECT Sub-committee:
   a) Shri Anup Kumar Das (1982-85) (Convenor)
   b) Shri Kalyan Bandyopadhyay (1967-71)
   c) Shri Ashis Kumar Ghosh (1976-79)
   d) Shri Dibyendu Mandal (2010-15)

4. COMMUNITY OUTREACH PROGRAMME Sub-committee:
   a) Shri Manoj Kumar Bhattacharyya (Convenor)
   b) Shri Tarun Kanti Pal (1971-74)
   c) Shri Tarapada Ghorui (1973-76)
   d) Shri Asis Kumar Sinha (1981–84)
   e) Shri Susanta Dey (1984-87)
   f) Shri Prabir Bandyopadhyay (1986-89)
   g) Shri Debashis Ghosh (1984-86)
   h) Shri Dibyendu Mandal (2010-15)

5. DIGITAL MEDIA Sub-committee:
   a) Shri Suvojit Dutta (1992-97) (Convenor)
   b) Shri Asis Kumar Sinha (1981-84)
   c) Shri Gautam Mukhopadhyay (1994-97)
   d) Shri Uttam Kumar Ghorai (2001-06)
   e) Shri Dibyendu Mondal (2010-15)

6. ARCHIVE Sub-committee:
   a) Shri Gautam Mukhopadhyay (1994-1997) (Convenor)

**Note: Shri Tapan Kumar Ghosh (President) and Shri Shuvendu Majumder (Secretary) are the ex-officio members of all the sub-committees.**

# প্রকাশনা সংবাদ

গত ২৪.১২.২০২৪ তারিখে রবীন্দ্রতীর্থের (নিউটাউন, কলকাতা) সভাগৃহে একটি সুন্দর অনুষ্ঠানে প্রকাশিত হল বিদ্যামন্দিরের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের অবসরপ্রাপ্ত বিভাগীয় প্রধান মহীতোষ বিশ্বাসের রচনাসমগ্র । তিনখণ্ডের এই রচনাসমগ্র প্রকাশ করেছেন কলকাতার ঐতিহ্যমণ্ডিত প্রকাশনা সংস্থা 'পুনশ্চ'। গ্রন্থটির আনুষ্ঠানিক প্রকাশ করলেন শ্রদ্ধেয় অধ্যাপক পবিত্র সরকার । সাহিত্য আকাদেমির ভূতপূর্ব সচিব, বিশ্বভারতীর গ্রন্থনবিভাগের পূর্বতন অধিকর্তা, বিদ্যামন্দিরের প্রাক্তনী রামকুমার মুখোপাধ্যায় ছাত্র হিসেবে স্যারের পাঠনশৈলী এবং লেখক হিসেবে তাঁর অনন্য বৈশিষ্ট্যের উল্লেখ করেন। এই রচনা সংগ্রহের ভূমিকা লিখেছেন রামকুমার। বেলুড় বিদ্যামন্দিরে স্যারের তিনজন সহকর্মী পিনাকীপ্রসাদ ভট্টাচার্য, স্বপন কুমার চক্রবর্তী এবং তপন কুমার ঘোষ স্মৃতিচারণ করেন। মহীতোষবাবু চলে গেছেন ২০২১-এর পয়লা মে তারিখে। উদ্বাস্তু জীবনে কঠিন জীবন সংগ্রামের পটভূমিতে পারিবারিক সকল দায়দায়িত্ব পালনের পরেও প্রায় আমৃত্যু তিনি সাহিত্যসাধনা করে গেছেন। লিখেছেন বেশ কয়েকটি উপন্যাস, ছোটো গল্প, প্রবন্ধ এবং কবিতাও। তাঁর প্রয়াণের মাসদুয়েক আগেই প্রকাশিত হয়েছিল তাঁর শেষ রচনা, আত্মজৈবনিক উপন্যাস 'দিন এল দিন গেল'।



*অধ্যক্ষ মহারাজের হাতে চেক তুলে দিচ্ছেন শ্রীমতী স্বপ্না খিশা*

বিদ্যামন্দিরের প্রাক্তনী প্রয়াত শ্রী অমিতাভ খিশা (১৯৬৫-৬৮)-র স্ত্রী শ্রীমতী স্বপ্না খিশা বিদ্যামন্দিরের রসায়ন বিভাগের গবেষণাগারের জন্য ৫ লক্ষ টাকা প্রদান করেছেন। তাঁকে বিদ্যামন্দির পরিবারের পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা ও শ্রদ্ধা নিবেদন করি।

বিদ্যামন্দিরের বিশিষ্ট প্রাক্তনী শ্রী রমেন্দ্রনাথ চক্রবর্তী বিদ্যামন্দিরের সার্বিক উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের জন্য ২ লক্ষ টাকা প্রদান করেছেন। তাঁকেও বিদ্যামন্দির পরিবারের পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা ও শ্রদ্ধা নিবেদন করি।

# প্রয়াণ বার্তা

- বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৫৬-৫৮, আই.এসসি) এবং বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক রামবহাল তেওয়ারী ২৭.০৮.২০২৪ তারিখে প্রয়াত হয়েছেন। বয়স হয়েছিল ৮৪/৮৫ এর মতো। বাংলা সাহিত্য ও ছন্দ নিয়ে তিনি কয়েকটি গুরুত্বপূর্ণ বই লিখেছেন। বেশ কয়েক বছর আগে প্রাক্তনীবার্তায় তাঁর একটি দীর্ঘ সাক্ষাৎকার প্রকাশিত হয়েছিল ।
- বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৫১-৫৩) ড: অমিয় বাগচি ২৮ নভেম্বর, ২০২৪ তারিখে প্রয়াত হয়েছেন। স্নাতক ও স্নাতকোত্তর পড়াশোনার পর তিনি কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ে গবেষণা করেন,

ডক্টরেট হন এবং ঐ বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ জেসাস কলেজে অধ্যাপনায় যোগ দেন। পরবর্তীকালে প্রেসিডেন্সি কলেজে অধ্যাপনা করেন এবং তারও পরে কলকাতার Centre for Studies in Social Sciences-এ যোগ দেন। তিনি W.B. State Planning Board-এর Vice Chairman-ও হয়েছিলেন। মধ্যমেধার রমরমার আমলে কালে তিনি পলিটিক্যাল ইকনোমির একজন যথার্থ বিশ্লেষক ছিলেন।

- বিদ্যামন্দিরের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক সত্যম চক্রবর্তী গত ০৪.০১.২০২৫ হৃদরোগে আক্রান্ত হয়ে আকস্মিকভাবে পরলোকগমন করেছেন। ১৯৮৮-তে তিনি বিদ্যামন্দিরে অধ্যাপনার কাজে যোগদান করেন। অবসর গ্রহণ করেন ২০১৯-এ। শিক্ষক হিসাবে তিনি ছিলেন নিষ্ঠাবান, ছাত্রদরদী। তাঁর সহৃদয় আন্তরিক ব্যবহার ছাত্রদের মধ্যে তাঁকে খুবই জনপ্রিয় করেছিল। সহকর্মী শিক্ষক ও শিক্ষাকর্মীদের মধ্যেও তাঁর প্রীতিপূর্ণ ব্যবহার স্মরণীয় হয়ে আছে।
- গভীর দুঃখের সঙ্গে জানানো যাচ্ছে যে গণিত বিভাগের অবসরপ্রাপ্ত প্রবীণ অধ্যাপক শচীন্দ্র কুমার বকসী গত ২৬.০১.২০২৫ তারিখে ভোরবেলা তাঁর বাসভবনে পরলোকগমন করেছেন। তিনি ০২.০৭.১৯৬২ তারিখে গণিত বিভাগের অধ্যাপক হিসাবে বিদ্যামন্দিরে যোগ দিয়েছিলেন এবং সুদীর্ঘকাল বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব পালন করে গণিত বিভাগকে উৎকর্ষের এক উচ্চ মাত্রায় উন্নীত করেছিলেন। কলেজের পরিচালনা এবং অন্যান্য নানা বিষয়ে তিনি সক্রিয়ভাবে অংশগ্রহণ করতেন। ৩০.০৯.১৯৯৭ তারিখে তিনি অধ্যাপনা থেকে অবসর গ্রহণ করেন। ছাত্রদরদী, সরল এবং আদর্শবাদী এই মানুষটি শৃঙ্খলার প্রশ্নে কখনোই আপস করেননি। অধ্যক্ষ স্বামী শিবময়ানন্দজীর সঙ্গে তাঁর গভীর বন্ধুত্ব ছিল। পরবর্তী অধ্যক্ষ স্বামী মেধসানন্দজীর তিনি ছিলেন অভিভাবকতুল্য। এক বহুমাত্রিক সম্পর্কসূত্রে তিনি নিজেকে বিদ্যামন্দিরের সঙ্গে যুক্ত রেখেছিলেন। অবসরের পরেও বিদ্যামন্দিরের সঙ্গে যোগাযোগ রাখতেন। গতবছর প্রাক্তনী পুনর্মিলন উৎসবে তিনি সাগ্রহে অংশগ্রহণ করেছিলেন। তাঁর প্রয়াণে বিদ্যামন্দির এক আদর্শবান অগ্রপথিককে হারাল।

তাঁদের সকলের স্মৃতির উদ্দেশ্যে আমরা প্রাক্তনী সংসদের পক্ষ থেকে গভীর শ্রদ্ধা জ্ঞাপন করছি এবং তাঁদের শোকসন্তপ্ত পরিবার পরিজনের প্রতি আমাদের আন্তরিক সমবেদনা জানাচ্ছি।

# News from Vidyamandira

*(June 2024 to November 2024)*

## 1) Seminars & Lectures:

**a) Memorial Lectures:** The following Memorial/Endowment Lectures were organized during the aforesaid period:

| Date | Memorial/Endowment Lecture | Topic | Speaker |
|---|---|---|---|
| 12-07-2024 | Swami Vimuktananda Memorial Lecture | Foundation Day Oration | Swami Vedatitananda, RKM Shilpamandira |

| | | | |
|---|---|---|---|
| 15-07-2024 | Prof. Dilip Kumar Mukherjee Memorial Lecture | Water-assisted hydrogenation of aromatics under ambient conditions over Ru catalyst: A combined experimental and computational investigation | 1) Prof. Samir H. Mushrif, Alberta University, Canada<br>2) Dr. Amitava Banerjee, IIT, Jodhpur |
| 09-08-2024 | Jharna Roychoudhury Memorial Lecture | Microbiological Aspects in Bone Marrow Transplantation | Dr. Sanjay Bhattacharyya, Sr. Consultant, Tata Medical Centre, Kolkata |
| 22-08-2024 | Bitoshok Bhattacharyya Memorial Lecture | নারীর কবিতা : নিবিড় পাঠ | বল্লরী সেন, কবি, প্রাবন্ধিক ও অধ্যাপক |
| 22-08-2024 | Swami Vivekananda Memorial Lecture | Spirituality & Science | Smt. Ellora Sen, National Brain Research Centre, Haryana |
| 23-08-2024 | Debjyoti Bhowmick Memorial Lecture | How birds flock : A look at the physics of active matter | Prof. Ananda Dasgupta |
| 04-09-2024 | Dr. Satyabrata Pahari Memorial Lecture | স্মৃতিশাস্ত্রপ্রতিপাদিত ব্যবহারবিধির আধুনিক উপযোগ | Dr. Surajit Banerjee, Associate Prof., RKM Residential College, Narendrapur |
| 07-09-2024 | Dr. Rajesh Karmakar Memorial Lecture | টেলিস্কোপের গল্প, মহাবিশ্বের গল্প | Prof. Supratik Pal, Professor, ISI, Kolkata |
| 12-09-2024 | Gora Chand Sen Memorial Seminar | 1. 'Ethical & Moral Values- Vedanta-Vivekananda Perspective and Mahatma Gandhi's Experiments<br>2. Morality & Politics in the Western Intellectual Tradition : A Critical Exploration | 1. Swami Atmapriyananda, Pro-Chancellor, RKMVERI<br>2. Prof. Surendranath Banerjee, Former Prof., Dept. of Pol. Sc., CU |
| 19-09-2024 | Upendranth Bandyopadhyay Memorial Lecture | Memoirs of Lt. Upendranath Bandyopadhyay | 1. Revered Srimat Swami Suviranandaji Maharaj, General Secretary, |

| | | | |
|---|---|---|---|
| | | | Ramakrishna Math & Mission<br>2. Dr. Anirban Gangopadhyay, Chairman, Dr. Shyama Prasad Mookerjee Research Foundation |
| 30-09-2024 | Sibani Manna Memorial Lecture | | Dr. Suprabhat Mukherjee, Dept. of Animal Science, Kazi Nazrul University |
| 09-11-2024 | Prof. Sujit Ghosh Memorial Lecture | Time and Institutions in Economics Theories | Dr. Soham Bhattacharya, KREA University |

**b) Special Lecture and Weekly Seminar:** Weekly & Departmental seminars, Extension & Special Lectures organized during the period are enlisted below:

| Date | Topic | Speaker |
|---|---|---|
| 11-07-2024 | Microscopy | Prof. S. Balasubrahmaniam, Ex-Professor, Madras University & Research Scientist |
| 13-07-2024 | বেদান্ত : বিশ্বশান্তির বাণী | Dr. Nikhilesh Chakraborty, Indian Historian, RKM Institute of Culture, Golpark |
| 13-07-2024 | সৃজনশীল সাহিত্য : এই সময় | 1) Sri Bhaswar Chattopadhyay, Actor & Writer<br>2) Sri Sandip Chakraborty, Actor & Writer<br>3) Sri Sudip Bhattacharyya, Writer<br>4) Sri Purnendu Bikash Sarkar, Eminent Writer |
| 22-07-2024 & 23-07-2024 | Modern Perspective of Advances in Chemical Sciences | Prof. Debabrata Maiti, IIT Bombay |
| 26-07-2024 | Kargil Vijay Diwas | Captain Amit Sanyal, Indian Navy, Veteran of Op. Pawan Sri Lanka & Op. Vijay Kargil |
| 02-08-2024 | 164th Birthday of Acharya Prafulla Chandra Ray & 101st Birthday of Professor Krishna Kamini Rohatgi-Mukherjee | 1) Vibha Tandon, Director, CSIR<br>2) Prof. Purusottam Chakraborty, Ex-Sr., Prof., SINP<br>3) Dr. Shanmugavel Chinnathambi, Kyoto University, Japan |
| 14-08-2024 | আলিপুর বোমার মামলা এবং চিত্তরঞ্জন দাস | Prof. Souvik Mukhopadhyay, Calcutta University |

| | | |
|---|---|---|
| 04-09-2024 | Research Opportunities for Indic Studies in abroad | Mr. Susanta Bhattacharya, University of National Education Commission, Poland |
| 06-09-2024 | Unravelling the Protein Folding Mechanism of Heat Shock Protein in Archaea | Dr. Koustav Bhakta, SRF, Dept. of Biological Sciences, Bose Institute, Kolkata |
| 07-09-2024 | Hacker vs You : Are You Equipped for the Cyber Battle? | All UG 3rd Year Students of Computer Science Department |
| 08-09-2024 | Cleanliness Awareness Campaign | All UG 1st Year Students |
| 09-09-2024 | Modern Options for Recording and Monitoring Welding Process Data | Michael Kiese, Co-founder of HKS GmbH, Rostock, Germany |
| 13-09-2024 | Partition in the East, Violence, Trauma | Dr. Avisekh Biswas, Asst. Prof., Dept. of English, Vidyasagar College, Kolkata |
| 24-09-2024 | A Dynamical Approach to Glucose Insulin Circuit | Prof. Suman K. Banik, Dept. of Chemical Science, Bose Institute, Kolkata |
| 24-09-2024 | যোগাযোগের গল্প : রবীন্দ্রনাথ ও আধুনিক কবিরা | Dr. Priyabrata Ghoshal, Dept. of Bengali, RKMV |
| 29-09-2024 & 30-09-2024 | Soft Skills & Personality Development | Sri Amit Banerjee, Motivational Speaker & Personality Development Coach |
| 29-09-2024 | Psychology of Happiness | Sri Mrinal Chakraborty, Eminent Mental Toughness Trainer and Motivational Speaker |
| 02-10-2024 | Ignite for Building Your Career (orientation Program on Wadhwani Ignite) | Mr. Subhabrata Bhattacharjee, Sr. Manager, WEN Wadhwani Foundation |
| 03-10-2024 | Elucidation and Clarification of NPTEL Courses | Mr. Shib Shankar Das, Sr. Manager, NPTEL, IIT Madras |
| 07-11-2024 | Future Prospect in Chemistry Education | 1. Dr. Somnath Biswas, Faculty, TIFR<br>2. Mr. Amartyo Jiban Basu, Patent Officer<br>3. Mr. Sourav Ghosh, ONGC Officer |
| 09-11-2024 | Decoding the Gut-Brain Connection : How the Microbiome Shapes Mental Health and Future Therapies | Dr. Aranyak Goswami, Dept. of Bioinformatics & Computational Biology, University of Arkansas' Dale Bumpers College of Agriculture, Food & Life Science, USA |
| 23-11-2024 | Emotional Intelligence | Sri Mrinal Chakraborty, Eminent Mental Toughness Trainer and Motivational Speaker |
| 30-11-2024 | Self-Discipline | Sri Mrinal Chakraborty, Eminent Mental Toughness Trainer and Motivational Speaker |

## 3) Activities of NSS & NCC Wings of Vidyamandira:

The NSS wing organized the following:

(a) A ‘Blood Donation Camp’ on 11th August 2024. (b) A Tree Plantation program at Ramakrishna Mission Vidyamandira (Bose House Campus, Rishra) on 15th August 2024. (c) Sharadia Cloth Distribution program on 18th September 2024. (d) A Free Dental Check-up Camp on 4th September 2024. (e) An awareness program on ‘Health is wealth’ and ‘Students’ Scholarship’ & Distress Relief work at Banshpahari, Binpur-2, Jhargram and Katuchua, Belpahari, Jhargram on 20th September 2024. (f) An awareness program on ‘Digital Life and Health’ at Vivekananda Sabhagriha on 2nd October 2024. (g) An activity to clean Belur Math Station on 24th November 2024.

## 4) **Cultural Events:**

(a) **Observance of 78th Independence Day:** 78th Independence Day was observed at college campus on 15th August, 2024.

(b) **Vidyarthi Vrata Homa & Bhratrivarana Ceremony** was celebrated on 29th August 2024 at college campus.

(c) **Observance of Constitution Day:** Constitution Day was observed on 26th November 2024 at the college Campus.

## 5) Teachers’ Achievements:

**(i)** Recently, a team of five members from the Institute of Exploration, Kolkata, explored a new trekking route from Badrinath to Kalpeshwar, Uttarakhand. This exploration took place between 6th October and 20th October 2024. Among these five members, one was Dr. Soumitra Kayal**,** Dept. of Mathematics, of our college. We are proud of him.

## 6) Students’ Achievements:

**(I)** *Sri Arpan Chakraborty* & *Sri Sayan Dhara*, UG-III, Chemistry (Hons.) participated in NANO JATHA Quiz Competition conducted by IISER, Kolkata on 5th July 2024. **(II)** *Sri Bodhisattwa Baidya*, Research Scholar, Dept. of Computer Science delivered the Key-note speech at 2nd International Conference on Emerging Trends & Innovation (ICET) held during 29th & 30th July 2024, at National University Technology, Islamabad, Pakistan. **(III)** *Sri Jurain Dey & Sri Biswajit Das,* UG-II, Political Science (Hons.), secured 1st position at Inter-college Quiz Competition held at Bijay Krishna Girls College, Howrah on 25th July 2024. **(IV)** *Sri Monosij Jyoti*, UG-III, Microbiology (Hons.), secured 1st position at Poster Presentation Competition held on 30th August 2024 at Vidyasagar College. **(V)** *Sri Debarshi Das Adhikary & Sri Dhrubajyoti Ganguly*, UG-III, Microbiology (Hons.), jointly secured the 3rd prize at International Poster Presentation

Competition organised by IEM-HEALS, WILEY, ELSEVIER & UEM duringn 13th – 15th September 2024. **(VI)** *Sri Krishnendu Hait*, UG-II, Bengali (Hons.) secured 5th position at All India Elocution Competition at RKM Institute of Culture, Golpark during 23rd - 26th September 2024. **(VII)** *Sri Agnik Debnath & Sri Shubharthi Dutta*, UG-I, Economics (Hons.) secured the 1st position at RBI 90 State Level Quiz Competition at Westin Hotel, New Town on 8th November 2024. **(VIII)** *Sri Monosij Jyoti*, UG-III, Microbiology (Hons.), became winner in BioE3 Policy Awareness Campaign Competition conducted by Biotechnology Research & Innovation Council, Govt. of India. Hon'ble Prime Minister has declared the winners' name.

## 7) Some other Information:

a) A MoU has been signed between Ramakrishna Mission Vidyamandira & AEM Technologies on 7th June 2024, for aspirational courses like job-oriented skill enhancement and emerging technology based courses.

b) Dr. Atanu Bhattacharya, Associate Professor, Dept. of Chemistry retired from his service on 31st July 2024 after serving long 38 years at our College. Vidyamandira Parivar gratefully acknowledges the remarkable academic and personal contributions towards this institution and seeks the blessings of Sri Sri Thakur, Sri Sri Maa and Sri Sri Swamiji Maharaj for his happy & peaceful retired life.

## বার্ষিক সাধারণ সভা, ২০২৪ : একটি সংক্ষিপ্ত প্রতিবেদন

বিদ্যামন্দিরের প্রাক্তনী সংসদের ৩৭ তম বার্ষিক সাধারণ সভা গত ১৫ই আগস্ট, ২০২৪ দুপুর ২.৩০ মিনিটে বিদ্যামন্দিরের বিবেকানন্দ কক্ষে অনুষ্ঠিত হয়।

বিদ্যামন্দিরের পরম্পরা মেনে অধ্যক্ষ স্বামী মহাপ্রজ্ঞানন্দ ও উপাধ্যক্ষ ব্রহ্মচারী তত্ত্বচৈতন্য মহারাজ কর্তৃক সমবেতভাবে বৈদিক মন্ত্রোচ্চারণের পরে শ্রী তপন কুমার ঘোষ মহাশয়ের সভাপতিত্বে সভা শুরু হয়।

প্রথমে বিগত বার্ষিক সাধারণ সভার পর যে সমস্ত সদস্য আমাদের ছেড়ে পরলোকে গমন করেছেন তাঁদের বিদেহী আত্মার শান্তি কামনা করে এক মিনিট নীরবতা পালন করা হয়।

অতঃপর বিদ্যামন্দিরের অধ্যক্ষ মহারাজ বিগত এক বছরে বিদ্যামন্দিরের উল্লেখযোগ্য কার্যাবলীর বিবরণ দেন। তাঁর এই বিবরণ থেকে জানা যায় যে, ২০২৩-২৪ শিক্ষাবর্ষে আমাদের গর্বের বিদ্যামন্দির NIRF (National Institutional Ranking Framework) – এর College Category-তে ১৭ তম স্থান পেয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, নেতাজী সুভাষচন্দ্র বসুর স্মৃতি বিজড়িত বিদ্যামন্দিরের দ্বিতীয় ক্যাম্পাস Bose House, রিষড়ায় ১৩ টি অনলাইন ও ৪ টি অফলাইন certificate course চলছে। আরও জানা যায় যে, স্বামী সর্বপ্রিয়ানন্দজীর উপস্থিতিতে গত ২১-এ ফেব্রুয়ারী, ২০২৪ তারিখে এই দ্বিতীয়

ক্যাম্পাসে "আজাদ হিন্দ ফৌজ স্মারক বক্তৃতা" তে প্রধান বক্তা হিসাবে বক্তব্য রাখেন অধ্যাপক ডঃ সুগত বসু মহাশয়।



*বিদ্যামন্দিরের কার্যাবলীর প্রতিবেদন পেশ করছেন অধ্যক্ষ স্বামী মহাপ্রজ্ঞানন্দ*

ছাত্রবৃত্তি ও স্বাস্থ্যপ্রকল্পে প্রাক্তনী সংসদের কাছ থেকে বিদ্যামন্দির যে অনেক সাহায্য পেয়েছে তাও উল্লেখ করা হয়।



*উপস্থিত সদস্যবৃন্দ*

এরপর সভায় ২০২৩-২৪ আর্থিক বছরে প্রাক্তনী সংসদের কার্যাবলী ও আয়-ব্যয়ের হিসাব দুটি পৃথক প্রতিবেদনের মাধ্যমে পেশ করা হয়। সবিস্তার আলোচনার পর এই প্রতিবেদন দুটি সভায় গৃহীত ও অনুমোদিত হয়। উল্লেখ্য, এই সভায় উপস্থিত সদস্যরা সর্বসম্মতিক্রমে ২০২৪-২৫ আর্থিক বছরের জন্য কলকাতার M/s T. K. Das & Associates সংস্থাকে Auditor হিসাবে পুনরায় নিয়োগ করেন।

প্রতিবারের মতো এবারেও প্রাক্তনী শ্রী তুলসীদাস বন্দ্যোপাধ্যায় "আচার্য ঋণ স্বীকার প্রকল্প"-এ বিদ্যামন্দিরের অধ্যক্ষ মহারাজের হাতে মোট ৪৪,৫০১ টাকা তুলে দেন।



*আচার্য ঋণ স্বীকার প্রকল্পের তহবিল তুলে দিচ্ছেন শ্রী তুলসীদাস বন্দ্যাপাধ্যায়*

প্রাক্তনী সংসদের সভাপতি শ্রী তপন কুমার ঘোষ মহাশয় বলেন যে, প্রাক্তনী সংসদের মূলত তিনটি কাজ---১) বিদ্যামন্দিরের পাশে দাঁড়ানো, ২) সমাজের পাশে দাঁড়ানো, ও ৩) বিদ্যামন্দিরের প্রাক্তনীদের জন্য কিছু করা। তিনি আশা প্রকাশ করেন যে, স্বামী তেজসানন্দ মহারাজের ভাবনা ও প্রাক্তনী সংসদের প্রথম সভাপতি নচিকেতা ভরদ্বাজের স্বপ্ন আমাদের আরও এগিয়ে যেতে সাহায্য করবে। তাঁর বক্তব্যের শেষে প্রাক্তনীরা অনুদানের মাধ্যমে যে সাহায্য করেন যার ফলে প্রাক্তনী সংসদ বহুবিধ কাজ করতে পারে তাঁর জন্য তিনি প্রত্যেক প্রাক্তনীকে অভিনন্দন জানান।

এরপর আনুষ্ঠানিক ধন্যবাদ জ্ঞাপন করেন প্রাক্তনী সংসদের অন্যতম সহসভাপতি শ্রী মনোজ কুমার ভট্টাচার্য্য মহাশয়।

পরিশেষে সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত গাওয়ার পর সংসদের সভাপতি মহাশয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

"আপনার ভাল কেবল পরের ভালয় হয়, আপনার মুক্তি ও ভক্তি পরের মুক্তি ও ভক্তিতে হয়—তাইতে লেগে যাও, উন্মাদ হয়ে যাও। ঠাকুর যেমন তোমাদের ভালবাসতেন, আমি যেমন তোমাদের ভালবাসি, তোমরা তেমনি জগতকে ভালবাস দেখি।" —স্বামী বিবেকানন্দ

# প্রাক্তনী সংসদ সমাচার

রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের সব প্রকল্পগুলি দীর্ঘদিন ধরে নিয়ম অনুযায়ী কাজ করে চলেছে। এই কর্মযজ্ঞের একটি সংক্ষিপ্ত রূপরেখা দেওয়া হল।

**স্বাস্থ্য প্রকল্প :** বিগত কয়েক মাস যাবৎ লক্ষ্য করা যাচ্ছে যে বিদ্যামন্দির পরিবারের অন্তর্গত ছাত্র ও শিক্ষাকর্মী বা ছাত্রাবাসকর্মীদের স্বাস্থ্য প্রকল্প তহবিল থেকে সাহায্যের প্রয়োজন রয়েছে। বিগত জুলাই থেকে জানুয়ারী মাসের মধ্যে সংসদের পক্ষথেকে মোট ১৫,০০০ টাকা খরচ করা হয়।

**ছাত্রবৃত্তি প্রকল্প :** এই প্রকল্পে বিগত অর্থবর্ষে বিদ্যামন্দিরের ছাত্রদের জন্য ৭,৫৮,০০০ টাকা ব্যয় হয়েছে। এই খাতে ২০২৩-২৪ অর্থবর্ষে সংসদের পক্ষথেকে ৬১ জন বিদ্যামন্দিরের ছাত্রদের জন্য **এই** টাকা দেওয়া হয়েছিল। গত জুলাই থেকে জানুয়ারী ২০২৫ পর্যন্ত বিদ্যামন্দিরের সদ্য প্রাক্তনীদের উচ্চশিক্ষার জন্য ১৫,০০০ টাকা ব্যয় করা হয়েছে। এছাড়া বিদ্যামন্দিরের বাইরে অন্যান্য প্রতিষ্ঠানের ১৬ জন ছাত্র-ছাত্রীকে ৬৯,০০০ টাকা অনুদান দেওয়া হয়েছে। বিদ্যামন্দিরের বর্তমান ছাত্রদের দেয় বৃত্তির তথ্য সংসদের ওয়েবসাইটে দেওয়া হয়ে থাকে। ছাত্রবৃত্তি প্রকল্পে সাহায্যের জন্য প্রয়োজন বেড়েই চলেছে। আমরা নিয়মিত বিদ্যামন্দিরের বাইরের ছাত্রদের কাছ থেকেও আবেদন পেয়ে থাকি। বিভিন্ন শিক্ষাবর্ষের প্রাক্তনীগণ ছাত্রবৃত্তি প্রকল্পে নিয়মিত অর্থ সাহায্য করে চলেছেন। সংসদের পক্ষ এঁদের সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

**রাণী রাসমণি স্মারক বক্তৃতা :** অন্যান্য বছরের মত রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ আয়োজিত 'রাণী রাসমণি স্মারক বক্তৃতা' অনুষ্ঠিত হয়ে গেল গত ১৫ আগস্ট ২০২৪ সকাল ১১-৩০ মিনিটে বিদ্যামন্দিরের আশা-জ্যোতি কনফারেন্স হল-এ। বক্তা ছিলেন বিশিষ্ট সাংবাদিক শ্রী তরুণ গোস্বামী। এই বৎসরের বক্তৃতার বিষয় ছিল 'শ্রীশ্রী মা ও ভারতের স্বাধীনতা সংগ্রাম'। এছাড়াও সভায় বক্তব্য রাখেন রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের অধ্যক্ষ স্বামী মহাপ্রজ্ঞানন্দ, উপাধ্যক্ষ ব্রঃ তত্ত্বচৈতন্য এবং প্রাক্তনী সংসদের সভাপতি শ্রী তপন কুমার ঘোষ মহাশয়। সভায় স্বাগত ভাষণ দেন প্রাক্তনী সংসদের সম্পাদক শ্রী শুভেন্দু মজুমদার। অনুষ্ঠানটি খুবই মনোজ্ঞ ও তথ্যসমৃদ্ধ ছিল যা সকলকে মুগ্ধ করে।



*বক্তা শ্রী তরুণ গোস্বামীকে বরণ করছেন সংসদ-সভাপতি শ্রী তপন কুমার ঘোষ*

**বার্ষিক সাধারণ সভা :** গত ১৫ আগস্ট, ২০২৪ তারিখে দুপুর ২-৩০ মিনিটে বিবেকানন্দ হলে চিরাচরিত প্রথা মেনে বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের ৩৭-তম 'বার্ষিক সাধারণ সভা' অনুষ্ঠিত হয়। এই সভায় প্রায় ৮০ জন প্রাক্তনী উপস্থিত ছিলেন। এই সভার বিবরণ প্রাক্তনীবার্তায় পৃথকভাবে দেওয়া হয়েছে।

**স্বামী শিবময়ানন্দ স্মারক বক্তৃতা :** রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের উদ্যোগে চতুর্থ 'স্বামী শিবময়ানন্দ স্মারক বক্তৃতা' অনুষ্ঠিত হবে মার্চ মাসে কাটিহার রামকৃষ্ণ মিশন আশ্রমে।

**সেবাকার্য :** বিগত ২৯ সেপ্টেম্বর, ২০২৪, রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের উদ্যোগে দক্ষিণ চব্বিশ পরগনার সুন্দরবন লাগোয়া ঝড়খালীতে একটি সেবাকার্য অনুষ্ঠিত হল। বেলঘরিয়া স্টুডেন্টস্ হোমের প্রাক্তনী

শ্রীমান মানিক রায়ের উদ্যোগে প্রতিষ্ঠিত স্থানীয় সংগঠন *সুন্দরবন বিবেক উদয়*-এর সহযোগিতায় প্রাক্তনী সংসদ এই সেবাকার্যের আয়োজন করেছিল। সমীক্ষা অনুযায়ী মোট ১০০টি পরিবারের মধ্যে ২৯ জন বালক, ১৭ জন বালিকা, ৩১ জন মহিলা ও ২৩ জন পুরুষকে পুজোর প্রাক্কালে প্রাক্তনী সংসদের পক্ষ থেকে নতুন বস্ত্র প্রদান করা হল। অনুষ্ঠানের সূচনায় শ্রী শ্রী ঠাকুর, শ্রীমা ও স্বামীজীর প্রণামমন্ত্র পরিবেশন করেন সংসদের কার্যনির্বাহী সমিতির অন্যতম সদস্য শ্রী গৌতম মুখোপাধ্যায়। সুন্দরবন বিবেক উদয়ের ছাত্র-ছাত্রীরা পরিবেশন করে স্বামীজীর স্বদেশমন্ত্র। সংক্ষিপ্ত ভাষণ দেন প্রাক্তনী সংসদের সহ-সভাপতি শ্রী মনোজ কুমার ভট্টাচার্য। এছাড়া উপস্থিত ছিলেন সংসদের যুগ্ম সম্পাদক শ্রী শুভজিৎ দত্ত, কার্যনির্বাহী সমিতির অন্যতম সদস্য শ্রী সুশান্ত দে, শ্রী আশীষ কুমার সিনহা এবং সংসদের অংশকালীন কর্মী শ্রী মৈনাক ঘোষ। অনুষ্ঠানে সুন্দরবন বিবেক উদয়ের পক্ষ থেকে কৃতি ছাত্র-ছাত্রীদের পুরস্কারও প্রদান করা হয়।



*ঝড়খালিতে সেবাকার্যে সংসদ-সদস্যগণ*

এছাড়া গত ১৪ জানুয়ারী ২০২৫ তারিখে প্রাক্তনী সংসদের শীতকালীন Outreach Programme এর অঙ্গ হিসাবে নিম্নলিখিত চার জায়গায় কম্বল বিতরণ করা হয়—

- হুগলী জেলার সিঙ্গুর ব্লকের অন্তর্গত দোবাঁদী গ্রাম।
- পূর্ব বর্ধমান জেলার শক্তিগড়ের নিকট পুতুন্ডা গ্রামে অবস্থিত শ্রী রামকৃষ্ণ আশ্রম।
- পূর্ব বর্ধমান জেলারই ভান্ডারদিহি গ্রামে অবস্থিত রামকৃষ্ণ মিশন আশ্রম।
- বীরভূম জেলার বোলপুর ব্লকের অন্তর্গত সোনাঝুরিতে অবস্থিত আদিবাসী গ্রাম "বনের পুকুর ডাঙ্গা"।








*এইদিনের সেবাকার্যের কিছু ছবি*

প্রতিটি জায়গায় একটি ছোট অনুষ্ঠানের মাধ্যমে যথাক্রমে ২৬ জন, ৩০ জন, ৩০ জন ও ৩৪ জন অর্থাৎ মোট ১২০ জন গরীব মানুষকে, যাদের মধ্যে বেশিরভাগই আদিবাসী সম্প্রদায়-ভুক্ত, একটু সেবা দেওয়ার সুযোগ পাওয়া যায়। সংসদের পক্ষ থেকে এই সেবাকার্যে উপস্থিত ছিলেন সম্পাদক শ্রী শুভেন্দু মজুমদার, কোষাধ্যক্ষ শ্রী প্রবীর বন্দ্যোপাধ্যায়, কার্যনির্বাহী সমিতির অন্যতম সদস্য শ্রী আশিস কুমার সিনহা ও অস্থায়ী কর্মী শ্রী মৈনাক ঘোষ। পুতুন্ডা ও ভান্ডারদিহিতে যথাক্রমে স্বামী আত্মানন্দজী মহারাজ ও স্বামী অজ্ঞেয়ানন্দজী মহারাজের সক্রিয় অংশগ্রহণের ফলে আমাদের পক্ষে এই ক্ষুদ্র প্রয়াসকে সফল করে তোলা সহজ হয়। সংসদের পক্ষ থেকে তাঁদের জানাই সশ্রদ্ধ প্রণাম।

**স্বামী প্রভানন্দ স্মারক গবেষণা বক্তৃতা :** রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের অন্যতম সহ সঙ্ঘাধ্যক্ষ পরম পূজনীয় স্বামী প্রভানন্দজী মহারাজের স্মরণে প্রাক্তনী সংসদের পক্ষ থেকে গবেষণাধর্মী কার্যে উৎসাহ প্রদান ও গবেষণার পরিকাঠামো উন্নয়নের জন্য *'স্বামী প্রভানন্দ স্মারক গবেষণা তহবিল'* গঠন করা হয়েছে। প্রাক্তনী সংসদের উদ্যোগে গত ২৩ নভেম্বর, ২০২৪ তারিখে প্রথম স্বামী প্রভানন্দ স্মারক বক্তৃতা অনুষ্ঠিত হল বিদ্যামন্দিরের বোস হাউস প্রাঙ্গনে। বক্তৃতার বিষয় নির্বাচন করা হয়েছিল "১৮৯৩—এক যুগ সন্ধিক্ষণ : আধ্যাত্মিকতা ও বিজ্ঞানের মিলনের জয়যাত্রা"। বক্তা ছিলেন খড়্গপুর আই.আই.টি.-র অধ্যাপক জয় সেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কল্যাণী রামকৃষ্ণ মিশনের সম্পাদক স্বামী দুর্গানাথানন্দ মহারাজ, বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের সভাপতি শ্রী তপন কুমার ঘোষ, সহ-সভাপতিদ্বয় শ্রী মনোজ ভট্টাচার্য ও শ্রী কল্যাণ বন্দ্যোপাধ্যায়, সম্পাদক শ্রী শুভেন্দু মজুমদার, বিদ্যামন্দিরের অধ্যক্ষ স্বামী মহাপ্রজ্ঞানন্দ প্রমুখ বিশিষ্ট ব্যক্তিবর্গ ও প্রাক্তনী সংসদের কার্যনির্বাহী সমিতির সদস্যবর্গ।



*স্বামী প্রভানন্দ স্মারক বক্তৃতামঞ্চে*
*(বাম দিক থেকে) শ্রী তপন কুমার ঘোষ, স্বামী দুর্গানাথানন্দ, অধ্যাপক জয় সেন ও স্বামী মহাপ্রজ্ঞানন্দ*

**স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতা :** রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের আয়োজনে ১৪ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে দুপুর ১২.১৫ মিনিটে অনুষ্ঠিত হল স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতা। মাইকেল মধুসূদন দত্তের দ্বিশততম জন্মবর্ষ স্মরণে বক্তৃতার বিষয় নির্বাচন করা হয়েছিল "বহুভাষিক ও বিশ্বনাগরিক : একটি মধুসূদন পাঠ"। বক্তা ছিলেন বিদ্যামন্দিরের প্রাক্তনী ও কলকাতা বিশ্ববিদ্যালয়ের তুলনামূলক ভারতীয় ভাষা ও সাহিত্য বিভাগের অধ্যাপক শ্রী মৃন্ময় প্রামাণিক। সাহিত্য আকাদেমি ২০২৩ পুরস্কার প্রাপক অধ্যাপক প্রামাণিককে প্রাক্তনী সংসদের পক্ষ থেকে সংবর্ধনাও দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের সভাপতি শ্রী তপন কুমার ঘোষ, সহ-সভাপতি শ্রী মনোজ ভট্টাচার্য, সম্পাদক শ্রী শুভেন্দু মজুমদার, বিদ্যামন্দিরের অধ্যক্ষ স্বামী মহাপ্রজ্ঞানন্দ, উপাধ্যক্ষ ব্রহ্মচারী তত্ত্বচৈতন্য মহারাজ প্রমুখ বিশিষ্ট ব্যক্তিবর্গ।



*বক্তা অধ্যাপক মৃন্ময় প্রামাণিক*

**স্বামী তেজসানন্দ স্মারক ক্যুইজ প্রতিযোগিতা :** রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ এবং রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের যৌথ আয়োজনে ১৪ সেপ্টেম্বর, ২০২৪ সকাল ১১টা থেকে অনুষ্ঠিত হল স্বামী তেজসানন্দ স্মারক ক্যুইজ প্রতিযোগিতা। স্বামী বিবেকানন্দের জীবন ও বাণীর উপর আয়োজিত এই প্রতিযোগিতার প্রাথমিক বাছাই পর্বে (লিখিত পরীক্ষা) বিভিন্ন মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় থেকে আগত মোট ৩১টি দলের মোট ৮৩ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। মূল পর্বে মোট ৮টি দলের ২১ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। মূল পর্বের শেষে বিজয়ী দল হিসাবে নির্বাচিত হয় Elite Engineering

College-এর ছাত্র শ্রীমান দীপাঞ্জন সাউ এবং সূরয সিং। দ্বিতীয় স্থানে থেকে রানার্স আপ দলের সম্মান অর্জন করে রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের ছাত্র শ্রীমান শ্রেয়ণ পাকিরা, দীপ চ্যাটার্জী ও সৌরদীপ সিনহা।



*লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী প্রতিযোগীগণ (উপরে) প্রতিযোগিতার মূল পর্ব (নিচে)*




অংশগ্রহণকারী প্রত্যেক ছাত্র-ছাত্রীর হাতে স্মারক উপহার ও শংসাপত্র তুলে দেওয়া হয়।



*ক্যুইজ শেষে পুরস্কার বিতরণ পর্ব*

**স্বামী তেজসানন্দ স্মারক পুরস্কার** : বিগত শিক্ষাবর্ষে স্বামী তেজসানন্দ স্মারক পুরস্কার প্রদান করা হয় কলা বিভাগের ছাত্র শ্রী লক্ষণ কোনাই ও বিজ্ঞান বিভাগের ছাত্র শ্রী সুপ্রতিক ঘোষ।

এই বিশাল কর্মযজ্ঞে সংসদের বিভিন্ন প্রকল্পের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত প্রত্যেক প্রাক্তনী ও শুভানুধ্যায়ীকে সংসদের পক্ষ থেকে জানাই আন্তরিক শুভেচ্ছা, অভিনন্দন ও বিনম্র কৃতজ্ঞতা।

**—শুভেন্দু মজুমদার, কর্মসচিব, প্রাক্তনী সংসদ**

## DETAILS OF SCHOLARSHIP AWARDED TO PRESENT STUDENTS OF VIDYAMANDIRA DURING 2023-2024

| Sl. No. | Name of the student | Subject | Year of Study | Amount of Scholarship |
|---|---|---|---|---|
| SW VIMUKTANANDA-DHYANATMANANDA MEMORIAL SCHOLARSHIP : Total Rs.85,000/- | | | | |
| 1 | SHYAMAL KUMAR SAMANTA | IND. CHEM. | UG-II | ₹ 18,000 |
| 2 | BAPAN MANDAL | BENGALI | PG-I | ₹ 15,900 |
| 3 | SK SOHEL PARVEZ | BENGALI | UG-III | ₹ 15,000 |
| 4 | SAPTARSHI GHOSH | ECONOMICS | UG-III | ₹ 14,400 |
| 5 | DIBYENDU DHALI | HISTORY | PG-I | ₹ 13,900 |
| 6 | BIPLAB MONDAL | BENGALI | PG-II | ₹ 7,800 |
| GRADUATES OF 1971 SCHOLARSHIP FUND : Total Rs.2,22,000/- | | | | |
| 7 | DIBYENDU DHALI | HISTORY | UG-III | ₹ 860 |
| 8 | CHETAN C | COMP. SC. | UG-III | ₹ 72,800 |
| 9 | SONURAM WADDE | COMP. SC. | UG-III | ₹ 56,200 |
| 10 | SANDIP HUI | BENGALI | PG-II | ₹ 46,340 |

| | | | | |
|---|---|---|---|---|
| 11 | ARPAN SAHA | ZOOLOGY | UG-III | ₹ 42,000 |
| 12 | SUBHENDU BAIRAGI | PHILOSOPHY | UG-I | ₹ 3,800 |
| **1971-74 GRADUATES SCHOLARSHIP FUND : Total Rs. 55,000/-** | | | | |
| 13 | ARUN ROY | SANSKRIT | UG-III | ₹ 9,600 |
| 14 | DEBNATH MURMU | BENGALI | PG-I | ₹ 8,900 |
| 15 | MILAN DE | MATHEMATICS | PG-II | ₹ 8,800 |
| 16 | SUBHADIP JODDAR | SANSKRIT | PG-II | ₹ 8,400 |
| 17 | DEBANGSHU DAS | IND. CHEM. | UG-III | ₹ 7,200 |
| 18 | BAPI BASKEY | ECONOMICS | UG-III | ₹ 7,200 |
| 19 | SURENDRANATH MURMU | HISTORY | PG-I | ₹ 4,900 |
| **1976-79 BATCH SCHOLARSHIP FUND : Total Rs. 82,500/-** | | | | |
| 20 | MADHUJOY TRIPURA | PHILOSOPHY | UG-I | ₹ 39,300 |
| 21 | MILAN PAL | PHILOSOPHY | UG-III | ₹ 21,500 |
| 22 | SHYAMLAL SALAM | ZOOLOGY | UG-I | ₹ 18,200 |
| 23 | DULAL KONAI | BENGALI | PG-II | ₹ 3,500 |
| **1981-84 GRADUATION BATCH: PRESENT STUDENTS' WELFARE FUND : Total Rs. 26,500/-** | | | | |
| 24 | AMIT BERA | PHILOSOPHY | UG-III | ₹ 6,800 |
| 25 | DEEP CHATTERJEE | BENGALI | UG-II | ₹ 6,800 |
| 26 | KAILASHPATI MAHATO | BENGALI | UG-I | ₹ 6,800 |
| 27 | DHRITIMAN DUTTA | CHEMISTRY | UG-III | ₹ 6,100 |
| **BELUR RKMV 1984-86 BATCH SCHOLARSHIP FUND : Total Rs. 12,500/-** | | | | |
| 28 | DHRITIMAN DUTTA | CHEMISTRY | UG-III | ₹ 600 |
| 29 | CHINMAY MAHATO | MATHEMATICS | UG-I | ₹ 6,600 |
| 30 | SUDIPTA BANGAL | BENGALI | UG-III | ₹ 5,300 |
| **89-91 HS BATCH SCHOLARSHIP FUND : Total Rs. 63,500/-** | | | | |
| 31 | BIPLAB MONDAL | BENGALI | PG-II | ₹ 4,100 |
| 32 | SAGAR ADHIKARI | PHILOSOPHY | PG-I | ₹ 10,900 |
| 33 | SUBHAJIT DE | PHILOSOPHY | PG-I | ₹ 10,900 |
| 34 | PRITAM KHAN | PHILOSOPHY | PG-I | ₹ 10,900 |
| 35 | TUSHAR MAHADANDA | BENGALI | PG-II | ₹ 10,600 |
| 36 | TUHIN MAHADANDA | BENGALI | PG-II | ₹ 10,600 |
| 37 | PRADIP SARDAR | HISTORY | PG-II | ₹ 5,500 |
| **2008 GRADUATES' SCHOLARSHIP FUND : Total Rs. 33,500/-** | | | | |
| 38 | SANDIP MANDAL | HISTORY | PG-II | ₹ 10,500 |
| 39 | BIPLAB DUTTA | BENGALI | PG-II | ₹ 10,500 |
| 40 | SUBHAJIT DE | PHILOSOPHY | UG-III | ₹ 10,000 |
| 41 | PIJUSH SARKAR | PHILOSOPHY | PG-II | ₹ 1,400 |
| 42 | SOUMEN BISWAS | SANSKRIT | UG-III | ₹ 1,100 |
| **2006-09 BATCH SCHOLARSHIP FUND : Total Rs. 5,000/-** | | | | |
| 43 | PRADIP SARDAR | HISTORY | PG-II | ₹ 5,000 |

| | | | | |
|---|---|---|---|---|
| ASHA JYOTI MEMORIAL SCHOLARSHIP : Total Rs. 3,000/- | | | | |
| 44 | BISHNU GHOSH | MATHEMATICS | PG-II | ₹ 3,000 |
| PARESH NATH DUTTA BANDANA DUTTA SCHOLARSHIP : Total Rs. 3,500/- | | | | |
| 45 | BIKRAMJIT NANDI | BENGALI | PG-I | ₹ 800 |
| 46 | BUDDHESWAR MURMU | POL. SC. | UG-III | ₹ 2,700 |
| SOUVIK PAUL MEMORIAL SCHOLARSHIP : Total Rs. 3,500/- | | | | |
| 47 | SAYAN MONDAL | SANSKRIT | UG-III | ₹ 400 |
| 48 | BIKRAMJIT NANDI | BENGALI | PG-I | ₹ 3,100 |
| GIRIDHARI GHOSH - USHARANI GHOSH MEMORIAL SCHOLARSHIP : Total Rs. 3,500/- | | | | |
| 49 | BUDDHESWAR MURMU | POL. SC. | UG-III | ₹ 2,100 |
| 50 | SANTU RAUL | BENGALI | UG-III | ₹ 1,400 |
| TARAPADA & NIRMALA BASU MEMORIAL SCHOLARSHIP : Total Rs. 10,500/- | | | | |
| 51 | SUDIPTA BANGAL | BENGALI | UG-III | ₹ 700 |
| 52 | AJAY MAHAPATRA | HISTORY | PG-II | ₹ 5,600 |
| 53 | SANJOY MURMU | SANSKRIT | UG-I | ₹ 4,200 |
| PRADIP KUMAR MITRA MEMORIAL SCHOLARSHIP : Total Rs. 5,000/- | | | | |
| 54 | SANJOY MURMU | SANSKRIT | UG-I | ₹ 600 |
| 55 | SAYAN MONDAL | SANSKRIT | UG-III | ₹ 4,400 |
| SHIBANI GHOSH - APARNA GHOSH MEMORIAL SCHOLARSHIP : Total Rs. 3,500/- | | | | |
| 56 | SANTU RAUL | BENGALI | UG-III | ₹ 3,400 |
| 57 | SOURAPRIYA CHATTERJEE | SANSKRIT | UG-III | ₹ 100 |
| ANIL KUMAR SINHA ROY & NAMITA SINHA ROY MEMORIAL SCHOLARSHIP : Total Rs. 3,500/- | | | | |
| 58 | SOURAPRIYA CHATTERJEE | SANSKRIT | UG-III | ₹ 3,500 |
| NIRMALENDU SASMAL MEMORIAL SCHOLARSHIP : Total Rs. 1,32,500/- | | | | |
| 59 | GUDDURAM WADDE | ZOOLOGY | UG-III | ₹ 96,420 |
| 60 | ARKA GUIN | BENGALI | UG-III | ₹ 24,000 |
| 61 | DIBYENDU DHALI | HISTORY | UG-III | ₹ 12,080 |
| BHUPATI PANJA MEMORIAL SCHOLARSHIP : Total Rs. 4,000/- | | | | |
| 62 | GOPAL MONDAL | PHILOSOPHY | PG-II | ₹ 4,000 |
| TOTAL AMOUNT OF SCHOLARSHIPS AWARDED | | | | **₹ 758,000** |

Donations to Permanent Endowment Funds now require a consent form to be submitted by the donor. The blank form can be downloaded from Alumni website at www.alumnividyamandira.in or from the Facebook page of the Alumni Association. Donors are requested to take a printout of the consent form, duly fill the form and send us the form either by post or courier. They may also send a scanned copy of the consent form by email to alumnividyamandira@gmail.com or to Alumni WhatsApp No. 7003615034.

**Published by Shuvendu Majumder, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association**